23355 - মাদকদ্রব্য সেবনের কারণে যে নারী অজ্ঞান থাকে কিছু নামায পড়েনি তার হুকুম

প্রশ্ন

আশা করি আপনারা আমার ইস্যুটিতে ফতোয়া দিবেন। আমি মদ পান করতে করতে জ্ঞান হারিয়ে ফেলেছি। যে কারণে আমি মাগরিব, এশা ও ফজরের নামায আদায়ে বিলম্ব করেছি। কিন্তু আমি পরের দিন যোহরের আগে কাযা হিসেবে নামাযগুলো আদায় করেছি। আমি পড়েছি এর ফলে নাকি আমি কাফের হয়ে যাব। আমি আল্লাহ্‌র কাছে দোয়া করছি তিনি যেন আমাকে ক্ষমা করে দেন। আমি কিছুতেই আল্লাহ্‌র প্রতি ঈমান ছাড়ব না। আমি আল্লাহ্‌র কাছে দোয়া করতে থাকব তিনি

যেন আমার মদপানের গুনাহ ক্ষমা করে দেন।

আমার প্রশ্ন: যদি আমার এ কর্মের মাধ্যমে আমি কাফের হয়ে যাই তাহলে আমার বিবাহ কি বাতিল হয়ে যাবে এবং আমাকে কি পুনরায় বিয়ে করতে হবে? নাকি সেটা তিন তালাক্বের মত; যে আমরা পুনরায় একে অপরের দিকে ফিরে আসতে পারব?

আমি আল্লাহ্‌র কাছে প্রার্থনা করছি তিনি যেন আমাকে ক্ষমা করে দেন। আমি যা করেছি সেটার জন্য আমি তীব্র অনুতাপ অনুভব করছি।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আমরা আল্লাহ্‌র কাছে দোয়া করছি তিনি যেন আপনার তাওবা কবুল করে নেন এবং এ তাওবাকে বিশ্বস্ত ও খাঁটি বানিয়ে দেন। (আল্লাহ্‌তাওবাকারীদেরকে পছন্দ করেন)। আপনি যে নামাযগুলো বর্জন করেছেন এবং যে অবস্থায় বর্জন করেছেন এর কারণে আপনি কাফের হয়ে যাননি; ইনশা আল্লাহ। যেহেতু এ বর্জন আপনার ইচ্ছাকৃত হয়নি। যদিও মাদকদ্রব্য পান করার মাধ্যমে কারণটি আপনি নিজেই ঘটিয়েছেন। মদ পান মহাপাপ। আশা করা যায় তাওবা নাসুহ (খাঁটি তাওবা)-এর মাধ্যমে আল্লাহ্‌আপনার পাপ মোচন করে দিবেন।

সুতরাং আপনি এখনও মুসলিম আছেন; আলহামদু লিল্লাহ। আপনার বিয়ের চুক্তিতে কোন সমস্যা হয়নি যে, আপনাকে সেটা নবায়ন করতে হবে কিংবা অন্য কোন কিছু করতে হবে।

আপনার উপর আবশ্যকীয়— খাঁটি তাওবা করার পর যথাসময়ে নিয়মিত নামাযগুলো আদায় করা, নামাযগুলো নষ্ট করা কিংবা বিলম্বে আদায় করা থেকে সাবধান থাকা। আপনার স্বামী ও সন্তানদের অধিকার আদায়ে সচেতন থাকা, ছোটবড় সব গুনাহ

বর্জন করার মাধ্যমে বিশ্বস্ততার সাথে আল্লাহ্‌র দিকে ফিরে আসা।

আমরা আল্লাহ্‌র কাছে দোয়া করছি তিনি যেন আমাদেরকে ও সকল মুসলিম ভাইকে হেদায়েতের নেয়ামত দান করেন। নিশ্চয় তিনি সর্বশ্রোতা ও দোয়া কবুলকারী।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।